

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫২
মোহনপুর, ১৩ মার্চ, ২০২৫

**মোহনপুরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত
নারীরা শিক্ষিত হলে সমাজ শক্তিশালী হবে : কৃষিমন্ত্রী**

নারীরা সমাজ এবং পরিবারের মূল ভিত্তি। শিক্ষা, খেলাধুলা, রাজনীতি, সংস্কৃতিচর্চায় নারীদের বিশেষ ভূমিকা রয়েছে। আজ মোহনপুর পুর পরিষদের উদ্যোগে পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গণে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, নারীরা শিক্ষিত হলে সমাজ তথা দেশ শক্তিশালী হবে। তাই নারী শিক্ষায় বিশেষ গুরুত্ব দিতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার নারীদের উন্নয়নের দিকে বিশেষ নজর দিয়েছে। তিনি বলেন, রাজ্যের বর্তমান সরকার নারীদের উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করেছে। মহিলাদের কল্যাণে নেওয়া হয়েছে একের পর এক পরিকল্পনা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক সুভাষ দত্ত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, পুর পরিষদের কাউন্সিলারগণ, সমাজসেবী কার্তিক আচার্য প্রমুখ। অনুষ্ঠানে সাফাই কর্মীদের সংবর্ধনা জানানো হয় এবং তাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়।
